# নিউ ইয়র্ক শহরের স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি কমিশনারের কর্মক্ষেত্রে COVID-19 টিকাদান বাধ্যতামূলক করা সম্পর্কিত নির্দেশ

**যেহেতু,** 12 মার্চ, 2020-তে মেয়র বিল ডে ব্লাসিও নিউ ইয়র্ক শহরের বাসিন্দাদের স্বাস্থ্য ও কল্যাণের উপর COVID-19 দ্বারা উদ্ভূত হুমকির মোকাবেলা করার জন্য নিউ ইয়র্ক সিটিতে জরুরী কার্যনির্বাহী ঘোষণা নং 98 দ্বারা একটি জরুরি অবস্থা ঘোষণা করেছিলেন এবং সেই ঘোষণা কার্যকর থাকছে; এবং

**যেহেতু**, 25 মার্চ, 2020 এ নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি কমিশনার শহরের বাসিন্দাদের স্বাস্থ্য ও কল্যাণের উপর COVID-19 দ্বারা সৃষ্ট চলমান হুমকি মোকাবেলা করার জন্য সিটির মধ্যে একটি জনস্বাস্থ্য জরুরি অবস্থার অস্তিত্ব ঘোষণা করেছিলেন এবং সেই ঘোষণা ও জনস্বাস্থ্য জরুরি অবস্থা এখনও কার্যকর রয়েছে; এবং

**যেহেতু**, COVID-19 ভাইরাস এখনও ছড়িয়ে পড়ছে ও পরিবর্তিত হচ্ছে, এবং 26 নভেম্বর, 2021 তারিখে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization, WHO) COVID-19 এর একটি নতুন ভ্যারিয়ান্টের ঘোষণা করেছে, যার নাম ওমিক্রন, যা একটি উদ্বেগজনক ভ্যারিয়ান্ট এথং যা যুক্তরাষ্ট্রসহ বিশ্ব জুড়ে পুনঃসংক্রমণ ও বিস্তারের বাড়তি ঝুঁকির কারণ; এবং

**যেহেতু**, নিউ ইয়র্ক স্টেটে COVID-19 বিস্তারের হার এপ্রিল 2020 এর পর থেকে এই প্রথম এত বেশি দেখা যাওয়ায় এবং গত মাস জুড়ে প্রতি দিন 300 এরও বেশি মানুষ COVID-19 এর কারণে নতুন করে হাসপাতালে ভর্তি হওয়ায়, 26 নভেম্বর, 2021 তারিখে, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর ক্যাথি হোকুল স্টেট জুড়ে COVID-19 জনিত নতুন হুমকিসমূহ মোকাবেলা করার জন্য কার্যনির্বাহী নির্দেশ নং 11 জারী করেন; এবং

**যেহেতু**, COVID-19 ছড়ায় যখন একজন আক্রান্ত ব্যক্তি নিঃশ্বাসের সাথে ভাইরাস ত্যাগ করেন এবং সেগুলো অন্যদের নিঃশ্বাসের সাথে প্রবেশ করে বা তাদের চোখ, নাক, বা মুখে লেগে যায়, এবং আক্রান্ত ব্যক্তির 6 ফুটের মধ্যে থাকা ব্যক্তিদের সংক্রমিত হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে, যা অন্যদের কাছাকাছি থাকার কারণে ও রেস্টরুম, এলিভেটর, লবি, মিটিং ও ব্রেক রুম, ও অন্যান্য সাধারণ ব্যবহারের স্থানসমূহ এবং অফিস শেয়ার করার কারণে কর্মস্থলসমূহে COVID-19 সংক্রমণের ঝুঁকি অনেক বাড়িয়ে দেয়; এবং

**যেহেতু**, WHO এবং যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) সকল ব্যক্তিকে COVID-19, বিশেষ করে ডেল্টা ও ওমিক্রন ভ্যারিয়ান্টসমূহ সংক্রমণের ঝুঁকি কমানোর জন্য টিকাকরণ - যা COVID-19 বিস্তার প্রতিরোধে একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার এবং টিকা গ্রহণকারী ও তার সংস্পর্শে আসা ব্যক্তিদের উভয়কেই সাহায্য করে এবং যাদের মধ্যে বয়স, স্বাস্থ্য বা অন্যান্য কারণে টিকা নিতে অপারগ ব্যক্তিরাও আছেন - সহ অন্যান্য পদক্ষেপ নিতে উপদেশ দিয়েছেন, এবং

**যেহেতু**, ইয়েল বিশ্ববিদ্যালয়ের একটি গবেষণায় দেখা গেছে যে 1 জুলাই, 2021 এর মধ্যে টিকাকরণ শুরু হওয়ার পর থেকে শহরের টিকাকরণ প্রচারাভিযানটি প্রায় 250,000 COVID-19 কেস, 44,000 হাসপাতালে ভর্তি এবং COVID-19 সংক্রমণ থেকে 8,300 জনের মৃত্যু রোধ করেছে বলে অনুমান করা যায়, এবং সিটি বিশ্বাস করে যে এর পর থেকে প্রতিরোধকৃত কেস, হাসপাতালে ভর্তি এবং মৃত্যুর সংখ্যা বেড়েছে; এবং 1 জানুয়ারী, 2021, এবং 15 জুন, 2021 এর মধ্যে, COVID-19 সংক্রমণ থেকে হাসপাতালে ভর্তি এবং মৃত্যুর 98% এরও বেশি দেখা গেছে তাদের মধ্যে যারা পুরোপুরি টিকা নেননি; এবং

**যেহেতু**, নিয়োগকর্তাদের জন্য তাদের কর্মচারীদের ক্ষেত্রে টিকাকরণ বাধ্যতামূলক নীতিমালা জারী করার একটি ব্যবস্থা বাধ্যতামূলক করা হলে তা সম্ভাব্যভাবে জীবন বাঁচাবে, জনস্বাস্থ্য রক্ষা করবে, ও জনগণের নিরাপত্তা বাড়াবে; এবং

**যেহেতু**, 9 সেপ্টেম্বর, 2021 তারিখে, প্রেসিডেন্ট বাইডেন "সরকারী কর্মচারীদের জন্য তাদের নিজেদের রক্ষা করতে ও সহকর্মী এবং জনগণের সদস্যদের মধ্যে COVID-19 বিস্তার প্রতিরোধ করতে সকল উপলব্ধ পদক্ষেপসমূহ নেওয়া অত্যাবশ্যকীয়" উল্লেখ করে একটি কার্যনির্বাহী নির্দেশ জারী করেছেন, এবং সকল সরকারী প্রতিষ্ঠানকে "প্রযোজ্য আইনের সর্বোচ্চ স্তর অনুযায়ী তাদের সরকারী কর্মচারীদের জন্য COVID-19 টিকাকরণ বাধ্যতামূলক করার একটি প্রকল্প চালু করতে বলেছেন, যা কেবল আইনানুগভাবেই রহিত করা যেতে পারে", এবং

**যেহেতু**, 16 আগস্ট, 2021 তারিখে, মেয়র বিল ডি ব্লাসিও "Key to NYC" নামক জরুরি কার্যনির্বাহী নির্দেশ নং 225 এ সাক্ষর করেন, যা ইনডোর বিনোদন, খাওয়া, ও শরীরচর্চা প্রতিষ্ঠানসমূহের গ্রাহক ও কর্মচারীগণের জন্য অন্তত একটি অনুমোদিত COVID-19 টিকা নেওয়ার প্রমাণ দেখানো বাধ্যতামূলক করে, এবং যে নির্দেশটি 13 ডিসেম্বর, 2021 এর জরুরি কার্যনির্বাহী নির্দেশ নং 316 এ পুনরায় জারী করা হয় ও এখনও বলবত রয়েছে; এবং

**যেহেতু**, 24 আগস্ট, 2021 তারিখে আমি একটি নির্দেশ জারী করি যেখানে বলা ছিল যে শিক্ষা দপ্তরের (Department of Education, DOE) কর্মচারী, ঠিকাদার ও দর্শনার্থীদেরকে একটি DOE ভবন বা স্কুলে প্রবেশের আগে COVID-19 টিকাকরণের প্রমাণ দেখাতে হবে, এবং এই নির্দেশ 12 ও 15 সেপ্টেম্বর, 2021 তারিখে পুনরায় জারীকৃত ও 28 সেপ্টেম্বর, 2021 তারিখে সংশোধিত করা হয়েছে, এবং এই নির্দেশ ও সংশোধন 17 সেপ্টেম্বর, 2021 ও 18 অক্টোবর, 2021 তারিখে স্বাস্থ্য বোর্ড কর্তৃক স্বীকৃত হয়েছে; এবং

**যেহেতু**, 12 সেপ্টেম্বর, 2021 তারিখে আমি একটি নির্দেশ জারী করি যেখানে শিক্ষা দপ্তর বা যুব ও কম্যুনিটি উন্নয়ন দপ্তরের সাথে চুক্তিবদ্ধ প্রাক-শৈশব প্রকল্প বা সেবাসমূহের কর্মচারীদের জন্য COVID-19 টিকাকরণের প্রমাণ দেখানো বাধ্যতামূলক, এবং সেই নির্দেশটি 17 সেপ্টেম্বর, 2021 তারিখে স্বাস্থ্য বোর্ড দ্বারা সমর্থিত হয়; এবং

**যেহেতু**, 20 অক্টোবর, 2021 তারিখে আমি একটি নির্দেশ জারী করি যেখানে সিটির

কর্মচারীদের জন্য 29 অক্টোবর, 2021 তারিখের মধ্যে তাদের অফিস বা এজেন্সিতে টিকাকরণের প্রমাণ দেখানো এবং অন্যথায় তাদের কর্মস্থল থেকে দূরে থাকা বাধ্যতামূলক ছিল, এবং 31 অক্টোবর, 2021 তারিখে আমি একটি সম্পূরক নির্দেশ জারী করি, এবং উভয় নির্দেশই স্বাস্থ্য বোর্ড দ্বারা 1 নভেম্বর, 2021 তারিখে সমর্থিত হয়; এবং

**যেহেতু**, 17 নভেম্বর, 2021 তারিখে আমি উপরে সংজ্ঞা অনুযায়ী শিশু সেবা প্রকল্পসমূহ, এবং প্রাথমিক হস্তক্ষেপ প্রকল্পসমূহের কর্মচারীদের জন্য COVID-19 টিকা বাধ্যতামূলক করার বিষয়ে একটি নির্দেশ জারী করি, এবং সেই নির্দেশটি 19 নভেম্বর, 2021 তারিখে স্বাস্থ্য বোর্ড দ্বারা সমর্থিত হয়; এবং

**যেহেতু**, 2 ডিসেম্বর, 2021 তারিখে আমি সকল বেসরকারী স্কুলের কর্মচারী ও স্বেচ্ছাসেবকদের জন্য COVID-19 টিকাকরণ বাধ্যতামূলক করি; এবং

**যেহেতু**, নিউ ইয়র্ক সিটি সনদ ("চার্টার") এর 558 অধ্যায় অনুযায়ী, স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তরের ("ডিপার্টমেন্ট") ক্ষমতা ও কর্তৃত্বের অধীনে থাকা সকল বিষয় ও ক্ষেত্রে স্বাস্থ্য বোর্ডের অনুমতি আছে স্বাস্থ্য কোড মেনে চলার; এবং

**যেহেতু**, সনদের ধারা 556 এবং স্বাস্থ্য কোডের ধারা 3.01(c) অনুসারে, বিভাগটি সংক্রামক রোগনিয়ন্ত্রণ এবং জীবন ও স্বাস্থ্যের জন্য বিপজ্জনক পরিস্থিতির তদারকি করার জন্য অনুমোদিত এবং জনস্বাস্থ্যের রক্ষণাবেক্ষণ এবং সুরক্ষার আশ্বাস দেওয়ার জন্য প্রয়োজনীয় হিসাবে এই জাতীয় পদক্ষেপ গ্রহণ করে; এবং

**যেহেতু**, নিউ ইয়র্ক সিটি প্রশাসনিক কোড ("অ্যাডমিনিস্ট্রেটিভ কোড") এর 17-104 অধ্যায় অনুযায়ী এই দপ্তর COVID-19 এর মত সংক্রামক রোগ প্রতিরোধে দ্রুত ও কার্যকর পদক্ষেপ নিতে বাধ্য, এবং অ্যাডমিনিস্ট্রেটিভ কোডের 17-109(b) অনুযায়ী এই দপ্তর টিকাকরণ প্রক্রিয়াসমূহকে সংক্রামক রোগের বিস্তার প্রতিরোধের কার্যকরী মাধ্যম হিসাবে গ্রহণ করতে পারে; এবং

**যেহেতু**, স্বাস্থ্য কোডের 3.01(d) অধ্যায় অনুযায়ী, এই অধ্যায়ের বর্ণনা অনুযায়ী একটি বর্তমান হুমকি থেকে জনস্বাস্থ্যকে রক্ষা করতে তাৎক্ষনিক জনস্বাস্থ্য পদক্ষেপ জরুরী হলে ও একটি জনস্বাস্থ্য জরুরি অবস্থা জারি করা হলে আমি সিটি ও এর বাসিন্দাদের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য জরুরী কাজগুলো করার ও নির্দেশ জারী করার অনুমতি রাখি; এবং

**সেহেতু এখন থেকে**, আমি, Dave A. Chokshi, MD, MSc, স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তরের কমিশনার, নিউ ইয়র্ক সিটির অভ্যন্তরে একটি জনস্বাস্থ্য জরুরী অবস্থা বিদ্যমান থাকার কথা জানতে পেরে, এবং সিটি ও এর অধিবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য এটি জরুরী হওয়ায়, স্বাস্থ্য বোর্ডের ক্ষমতাকে বর্তমান জরুরী অবস্থাকে প্রতিরোধ, নিয়ন্ত্রণ, প্রশমন ও বন্ধ করার জন্য ব্যবহার করছি, এবং এই মর্মে নির্দেশ দিচ্ছি যে:

1. 27 ডিসেম্বর, 2021 থেকে, কর্মচারীদেরকে অবশ্যই কর্মক্ষেত্রে প্রবেশের আগে একটি আচ্ছাদিত সংস্থার কাছে COVID-19 টিকাকরণের প্রমাণ দেখাতে হবে, এবং একটি আচ্ছাদিত সংস্থাকে অবশ্যই প্রমাণ দেখায়নি এমন ব্যক্তিদেরকে কর্মস্থল থেকে দূরে রাখতে হবে, শুধুমাত্র অনুচ্ছেদ 5 এ বর্ণিত ব্যতিক্রম ছাড়া।

2. আচ্ছাদিত সংস্থাসমূহ কর্মচারীদের টিকাকরণের প্রমাণ যাচাই করবে। আচ্ছাদিত সংস্থাসমূহ:

   a. প্রতিটি কর্মচারীর টিকাকরণের প্রমাণের একটি কপি, এবং প্রযোজ্য হলে, (b)(iv) এ বর্ণিত প্রয়োজনীয় সুবিধা(সমূহের) একটি রেকর্ড রাখবে; *অথবা*

   b. টিকাকরণের সেই সকল প্রমাণের একটি রেকর্ড রাখবে, যদি সেই রেকর্ডে এই জিনিসগুলো উল্লেখ থাকে:

      i. কর্মচারীর নাম; এবং

      ii. ব্যক্তিটি সম্পূর্ণভাবে টিকাপ্রাপ্ত কিনা; এবং

      iii. যে কর্মচারীরা একটি দুই ডোজের টিকার প্রথম ডোজ নেওয়ার প্রমাণ দেখায়; তাহলে দ্বিতীয় ডোজটি যে তারিখে অবশ্যই নিতে হবে সেই তারিখ, যা অবশ্যই প্রথম ডোজ নেওয়ার প্রমাণ দাখিলের তারিখের পর 45 দিনের চেয়ে বেশি হতে পারবেন না; এবং

      iv. যে কর্মচারীরা কোনো যুক্তিসঙ্গত সুবিধার কারণে COVID-19 টিকাকরণের প্রমাণ দাখিল করেননি, তাদের রেকর্ডে অবশ্যই এই সুবিধা থাকার কথা উল্লেখ থাকতে হবে, এবং আচ্ছাদিত সংস্থাকে অবশ্যই সেই কর্মচারীদের দ্বারা প্রদানকৃত সুবিধার কারণসমূহ এবং যে কোনো সহায়ক নথিপত্র আলাদাভাবে সংরক্ষণ করতে হবে; *অথবা*

   c. একজন কর্মচারীকে কর্মস্থলে প্রবেশ করতে দেওয়ার আগে তার টিকাকরণের প্রমাণ অবশ্যই পরীক্ষা করতে হবে এবং সেই যাচাইকরণের রেকর্ড রাখতে হবে।

   নিয়োগপ্রাপ্ত কর্মচারী নন এমন কর্মীদের ক্ষেত্রে, যেমন একজন ঠিকাদার, একটি আচ্ছাদিত সংস্থা অনুরোধ করতে পারে যে উপরের রেকর্ডগুলো রাখার পাশাপাশি কর্মীর নিয়োগকর্তা যেন তার টিকাকরণের প্রমাণ নিশ্চিত করেন। একটি আচ্ছাদিত সংস্থাকে অবশ্যই এই অনুরোধ ও নিশ্চিতকরণের প্রমাণ রাখতে হবে।

   এই অধ্যায় অনুযায়ী তৈরিকৃত বা সংরক্ষণকৃত রেকর্ডসমূহ গোপনীয় বলে বিবেচ্য হবে।

   একটি আচ্ছাদিত সংস্থা, কোনো সিটি এজেন্সি কর্তৃক অনুরোধ পেলে, প্রযোজ্য আইন অনুসারে, এই সেকশন অনুযায়ী যে সব রেকর্ড রাখা বাধ্যতামূলক সেগুলো পরীক্ষার জন্য উপলব্ধ করে দেবে।

3. 27 ডিসেম্বর, 2021 তারিখের মধ্যে, আচ্ছাদিত সংস্থাটি দপ্তরের দেওয়া একটি ফর্মে এই

নির্দেশের অনুচ্ছেদ 2 এর বাধ্যবাধকতাসমূহ উল্লেখ করবে এবং সেটি একটি সুবিধাজনক স্থানে টাঙিয়ে দেবে।

4. এই আদেশের প্রয়োজন অনুসারে:

   a. "আচ্ছাদিত সংস্থা" অর্থ:

      i. একটি বেসরকারী সংস্থা যাদের নিউ ইয়র্ক সিটিতে কর্মচারীর সংখ্যা একের বেশি অথবা নিউ ইয়র্ক সিটিতে একটি কর্মস্থল আছে; অথবা

      ii. একজন স্ব-নিয়োজিত ব্যক্তি বা একজন নিঃসঙ্গ কর্মী যিনি তাদের কর্মসূত্রে একটি কর্মক্ষেত্রে কাজ করেন বা কর্মচারীদের কাছাকাছি আসেন।

   b. "সম্পূর্ণভাবে টিকাপ্রাপ্ত" অর্থ হচ্ছে একজন ব্যক্তি খাদ্য ও ওষুধ প্রশাসন বা বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ব্যবহারের অনুমোদিত বা অনুমতিপ্রাপ্ত কেবল একটি ডোজ প্রয়োজন হয় এমন একটি COVID-19 টিকা অথবা একটি COVID-19 টিকার দুই ডোজের সিরিজের দ্বিতীয় ডোজের পর কমপক্ষে দুই সপ্তাহ পার হয়েছে, অথবা দপ্তর বর্ণিত এই নির্দেশের সাথে সম্পর্কিত অন্য যে কোনো অবস্থা।

   c. "টিকাকরণের প্রমাণ" হচ্ছে নিচের নথিগুলোর কোনো একটি যেখানে বলা থাকবে যে একজন ব্যক্তি (1) COVID-19 এর বিরুদ্ধে সম্পূর্ণভাবে টিকাপ্রাপ্ত হয়েছেন; (2) একটি এক ডোজের COVID-19 টিকার একটি ডোজ পেয়েছেন; বা (3) একটি দুই ডোজের COVID-19 টিকার প্রথম ডোজ পেয়েছেন; এই সাপেক্ষে যে কোনো কর্মচারী এমন প্রথম ডোজ পাওয়ার প্রমাণ দেখালে তিনি প্রথম ডোজ পাওয়ার 45 দিনের মধ্যে দ্বিতীয় ডোজ পাওয়ার প্রমাণও দেখাবেন:

      i. একটি CDC COVID-19 টিকাকরণ রেকর্ড কার্ড বা যেখানে টিকা প্রয়োগ করা হয়েছিল সেই আইনগত এলাকা, রাজ্য বা দেশ থেকে পাওয়া একটি সরকারী টিকাকরণ রেকর্ড বা একটি স্বাস্থ্য সেবা প্রদানকারী বা অন্যান্য অনুমোদিত টিকা প্রদানকারীর কাছ থেকে পাওয়া রেকর্ড, যাতে ব্যক্তির নাম, টিকার ব্র্যান্ড এবং প্রদানের তারিখ দেওয়া আছে। সেই রেকর্ডের একটি ডিজিটাল ছবি বা ফটোকপিও গ্রহণযোগ্য।

      ii. New York City COVID Safe অ্যাপ যাতে একটি টিকাকরণ রেকর্ড দেখানো আছে;

      iii. একটি বৈধ নিউ ইয়র্ক স্টেট Excelsior Pass/Excelsior Pass Plus;

      iv. CLEAR Health Pass; বা

      v. কমিশনার কর্তৃক টিকাকরণের প্রমাণ হিসাবে যথেষ্ট বলে নির্ধারিত অন্য যে কোনো পদ্ধতি।

d. "কর্মচারী" অর্থ এমন কোনো ব্যক্তি যিনি নিউ ইয়র্ক সিটির একটি কর্মক্ষেত্রে সশরীরে কাজ করেন। কর্মচারীর মধ্যে আছেন ফুল- বা পার্ট টাইম কর্মচারী, নিয়োগকর্তা, কর্মী, ইন্টার্ন, কোনো আচ্ছাদিত সংস্থার স্বেচ্ছাসেবক বা ঠিকাদার, সেই সাথে স্ব-নিয়োজিত ব্যক্তি বা একজন নিঃসঙ্গ কর্মী।

কর্মচারীদের মধ্যে অন্তর্ভুক্ত নয়:

i. নিজ বাড়ি থেকে কাজ করেন এমন ব্যক্তিগণ এবং যাদের পেশা তাদেরকে সশরীরে সহকর্মী বা জনসাধারণের সদস্যদের কাছাকাছি আসতে বাধ্য করে না;

ii. কোনো ব্যক্তি যিনি কোনো দ্রুত ও সীমিত প্রয়োজনে কর্মক্ষেত্রে প্রবেশ করেন; বা

iii. সিটির বাসিন্দা নয় এমন ব্যক্তিগণ যারা পারফর্মিং আর্টিস্ট, কলেজ অথবা পেশাদার ক্রীড়াবিদ, বা এমন পারফর্মিং আর্টিস্ট বা কলেজ বা পেশাদার ক্রীড়াবিদদের সাথে থাকা ব্যক্তিগণ যাদের Key to NYC প্রকল্প, জরুরি কার্যনির্বাহী নির্দেশ নং 316 ও এর পরবর্তী নির্দেশসমূহ অনুসারে টিকাকরণের প্রমাণ দেখানো বাধ্যতামূলক নয়।

e. "কর্মক্ষেত্র" অর্থ একটি গাড়িসহ যে কোনো অবস্থান, যেখানে অন্য কোনো কর্মচারী বা জনসাধারণের সদস্যদের উপস্থিতিতে কাজ করা হয়।

5. এই নির্দেশের কোনো কিছুই চিকিৎসাগত বা ধর্মীয় কারণে যুক্তিসঙ্গত সুবিধা প্রদানের পথে অন্তরায় বলে ধরা যাবে না।

6. এই নির্দেশটি সেই সকল ব্যক্তি বা সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য হবে না যারা ইতোমধ্যেই দপ্তরের কমিশনার, স্বাস্থ্য বোর্ড, মেয়র বা একটি সরকারী বা রাজ্য পর্যায়ের সংস্থার আরেকটি নির্দেশের আওতায় পড়েন যা এখনও কার্যকর রয়েছে এবং তাদেরকে সম্পূর্ণভাবে টিকাপ্রাপ্ত হওয়ার প্রমাণ দেখাতে বা সাথে রাখতে নির্দেশ দেয় অথবা সেই সব ব্যক্তিগণ যাদেরকে সেই বাধ্যবাধকতা অনুযায়ী একটি যুক্তিসঙ্গত সুবিধা দেওয়া হয়েছে।

7. এই নির্দেশ এই মুহূর্ত থেকে কার্যকর হবে, এবং স্বাস্থ্য বোর্ড কর্তৃক স্বাস্থ্য কোডের 3.01(d) অধ্যায় অনুযায়ী বহাল রাখা, বাতিল করা, পরিবর্তন করা বা রদবদল করার অধিকারের আওতায় বাতিল করার আগ পর্যন্ত বহাল থাকবে।

তারিখ: 13 ডিসেম্বর, 2021

Dave A. Chokshi, MD, MSc
কমিশনার